আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

নিউইয়র্কের অ্যাটর্নি জেনারেলকে 'কদর্য কুৎসিত' বললেন ট্রাম্প

বাংলা পত্রিকা ডেস্ক: সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালের একটি পোস্টে, সাবেক (বাকি অংশ ১২ পাতায়)

২৮ বছরে

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৮ ॥ সংখ্যা ২৬ ॥ সোমবার ॥ চৈত্র ১০ ॥ ১৪৩০ ॥ রমাদান ১৫ ॥ ১৪৪৫ ॥ Vol. 28 ॥ Issue 26 ॥ March 25 ॥ 2024 ॥ USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৪ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৪
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

টাইম টিভি-বাংলা পত্রিকা'র কিরাত প্রতিযোগিতা ও ইফতার মাহফিল

কোরআনের আলো ছড়িয়ে দেয়ার আহ্বান





রাকিন হোসাইন


সারাহ মাসুদ


রিদওয়ান নূর


আরওহ আবুসবিহ


মেহরুন মারিয়ম মুনায়োরা


আসফিয়া আবছার আয়শা

বাংলা পত্রিকা রিপোর্ট: পবিত্র রমজান উপলক্ষ্যে গত বছর আয়োজিত টাইম টিভি-বাংলা পত্রিকা'র কিরাত প্রতিযোগিতার সাফল্যের ধারাবাহিকতায় এবং কমিউনিটির চাহিদার ফলে চলতি বছরও দ্বিতীয়বারের মতো কিরাত প্রতিযোগিতার আয়োজন করা হয়। শনিবার (২৩ মার্চ) ছিলো এই প্রতিযোগিতার গ্র্যান্ড ফাইনাল ও ইফতার মাহফিল। ব্যতিক্রমী এই অনুষ্ঠানের প্রশংসা করে অতিথি বক্তারা ঘরে ঘরে পবিত্র আল কোরআনের আলো ছড়িয়ে (বাকি অংশ ০৩ পাতায়)

যুক্তরাষ্ট্র-মেক্সিকো সীমান্ত সফর বাতিল করলেন মেয়র অ্যাডামস

বাংলা পত্রিকা ডেস্ক: নিরাপত্তা জনিত উদ্বেগের কারনে যুক্তরাষ্ট্র ও মেক্সিকো সীমান্ত সফর বাতিল করলেন মেয়র এরিক অ্যাডামস, শনিবার (২৩ মার্চ) সিটি হলের এক মুখপাত্র এতথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, যুক্তরাষ্ট্রের দক্ষিণ সীমান্তের রিও গ্র্যান্ডে ভ্যালির (বাকি অংশ ১২ পাতায়)

আগামী বছরের কিরাত প্রতিযোগিতার পুরষ্কারের স্পন্সর ঘোষণা দিলেন শাহ নেওয়াজ

বাংলাদেশ সোসাইটির স্মরণীয় ইফতার মাহফিল

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটির সর্বস্তরের প্রবাসীর অংশগ্রহণে অনুষ্ঠিত হলো বাংলাদেশ সোসাইটি অব নিউইয়র্কের স্মরণকালের স্মরণীয় বার্ষিক ইফতার মাহফিল ও কিরাত প্রতিযোগিতা। বিভিন্ন মিডিয়ার সম্পাদক, সাংবাদিক, কবি, লেখক, সাহিত্যিক, ডাক্তার, এটর্নী, মূলধারার রাজনীতিক, বিভিন্ন পেশাজীবী ও সংগঠনের নেতৃবৃন্দ, সোসাইটির সাবেক ও বর্তমান নেতৃবৃন্দ এবং প্রবাসীদের অংশগ্রহণে মাহফিলটি ছিলো ধর্মীয় আবেশে উৎসবমুখর। এতে হাজারোধিক প্রবাসী অংশ নেন। অনুষ্ঠানে আগামী বছরের কিরাত প্রতিযোগিতার পুরষ্কারের স্পন্সর ঘোষণা দেন বিশিষ্ট ব্যবসায়ী ও সাপ্তাহিক আজকাল সম্পাদক লায়ন শাহ নেওয়াজ। সিটির উডসাইডের তিব্বতিয়া কমিউনিটি সেন্টারে রোববার (২৪ মার্চ) এই মাহফিলের অঅয়োজন করা হয়। বাংলাদেশ সোসাইটির সভাপতি আব্দুর রব মিয়ার সভাপতিত্বে ইফতার (বাকি অংশ ২৭ পাতায়)

হোয়াইট হাউসে ঈদের অনুষ্ঠান বর্জনের ঘোষণা মুসলিমদের

বাংলা পত্রিকা ডেস্ক: বরাবরের মতো পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করতে যাচ্ছে হোয়াইট হাউস। এতে মুসলমানদের আমন্ত্রণ জানাবেন প্রেসিডেন্ট জো বাইডেন। (বাকি অংশ ০৬ পাতায়)

জব্দ হতে পারে ট্রাম্প টাওয়ার ও পেন্টহাউজ

বাংলা পত্রিকা ডেস্ক: সম্পদ জালিয়াতির মামলায় ডোনাল্ড ট্রাম্পকে ৪৬ বিলিয়ন ডলার জরিমানা করেছে নিউইয়র্কের একটি আদালত। আদালতের রায় অনুযায়ী, ২৫ মার্চের মধ্যে ট্রাম্পকে এই (বাকি অংশ ১২ পাতায়)

নিউইয়র্কের সেহরি ও ইফতার সময়

	সেহরি শেষ	ইফতার
১৫ রমাদান ২৫ মার্চ	৫:৩০	৭:১৩
১৬ রমাদান ২৬ মার্চ	৫:২৮	৭:১৪
১৭ রমাদান ২৭ মার্চ	৫:২৬	৭:১৫
১৮ রমাদান ২৮ মার্চ	৫:২৪	৭:১৬
১৯ রমাদান ২৯ মার্চ	৫:২৩	৭:১৭
২০ রমাদান ৩০ মার্চ	৫:২১	৭:১৮
২১ রমাদান ৩১ মার্চ	৫:১৯	৭:১৯

শিক্ষার্থীসহ ৮০ হাজার সরকারি সেবাদাতাদের ঋণ মওকুফ করলেন বাইডেন



বাংলা পত্রিকা ডেস্ক: শিক্ষার্থী, শিক্ষক, নার্স এবং অগ্নিনির্বাপকসহ প্রায় ৮০ হাজার সরকারি সেবাদাতাদের ঋণ মওকুফ করা হয়েছে। প্রেসিডেন্ট জো বাইডেন গত ২১ মার্চ বৃহস্পতিবার এক বিবৃতিতে এ ঋণ মওকুফের ঘোষণা দেন। বিবৃতিতে বাইডেন সেবাকর্মীদের পূর্ন অধিকার প্রদান করতে প্রায় ৮ লাখ ৭০ হাজার ডলার ঋণ বাতিল করেছেন। এছাড়া উন্নত জীবন গঠনে বাইডেন প্রশাসন শিক্ষার্থীদের ঋণের বোঝা মওকুফ করতে ছোট বা মাঝারি অর্থনৈতিক পরিবর্তনের জন্য সব ধরনের পদক্ষেপ নিবেন বলেও মন্তব্য করেন তিনি। হোয়াইট হাউস জানায় প্রায় (বাকি অংশ ১২ পাতায়)

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ি-গাড়ি কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge-Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AMIN PHARMACY
29-03. 36th Ave. Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
সারা বছর জুড়ে একাউন্টিং সার্ভিসেস
ক্যাজিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আইআরএস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদা আলী, সিপিএ
Tel: 929-371-9915 : info@ahadandco.com
2153 Westchester Ave. Suite 200, Bronbx, NY 10462
47-01 Vandam Street Long Island City, NY 11101

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
DDC 6hr 10% Discount & 4 Point Reduction
718-626-0733
718-626-2321
crescentinsurance@gmail.com
Crescent Insurance Brokerage Inc.
37-11 74th Street # 2 Floor, Jackson Heights, NY 11372
KABIR CHOWDHURY

www.banglapatrikausa.com

Tax & Consulting Services

for Individual and Businesses

Southeast USA Group Inc.

OUR SERVICES

- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services



(917) 566-1612

Southeast USA Group Inc

Prof. Ehteshamul Haque

Financial & Business Planning

74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372

Visit: www.southeastusagroup.com







কোরআনের আলো ছড়িয়ে

(প্রথম পাতার পর)

দেয়ার আহ্বান জানিয়ে বলেন এক্ষেত্রে বাংলা পত্রিকা ও টাইম টেলিভিশন অবদান রেখে চলেছে এবং এই ধারা অব্যাহত রাখতে হবে।

লং আইল্যান্ড সিটির ভ্যারাইট বয়েজ এন্ড গার্লস ষ্টেডিয়ামের একটি হলে আয়োজিত কিরাত প্রতিযোগিতার গ্র্যান্ড ফাইনাল ও ইফতার মাহফিলে শুভেচ্ছা বক্তব্য রাখেন বাংলা পত্রিকার সম্পাদক ও টাইম টিভি'র সিইও আবু তাহের। অতিথিদের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন সাপ্তাহিক জন্মভূমি সম্পাদক রতন তালুকদার, সাপ্তাহিক প্রবাস সম্পাদক মোহাম্মদ সাঈদ, ব্যারিষ্টার ও এটর্নী ইশরাত সামী, বিশিষ্ট ব্যবসায়ী ও রাজনীতিক আলহাজ সোলায়মান ভূইয়া, বিশিষ্ট ব্যবসায়ী বদরুল হক, ফার্মাসিস্ট শাহাব আহমেদ, ডা. জুন্নুন চৌধুরী, আল কোরআন দাওয়া সেন্টারের চেয়াম্যান প্রফেসর রুজুল আলীন, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট জয়নাল আবেদীন, খলিল বিরিয়ানী হাউজের কর্ণধার অ্যাওয়ার্ডপ্রাপ্ত শেফ খলিলুর রহমান প্রমুখ।

প্রতিযোগিতায় প্রথম গ্রুপে সেকেন্ড গ্রেড থেকে সিক্স গ্রেড পর্যন্ত বালক-বালিকারা অংশ নেয়। অপরদিকে দ্বিতীয় গ্রুপে সেভেন গ্রেড থেকে ১২ গ্রেড পড়ুয়া বালক এবং সেভেন গ্রেড থেকে ১০ গ্রেড পড়ুয়া বালিকারা অংশ নেয়। প্রতিযোগিতার ফাইনাল পর্বে প্রথম গ্রুপ থেকে আরওহ আবুসবিহ প্রথম, মেহরুন মারিয়ম মুনায়োরা দ্বিতীয় এবং আসফিয়া আবছার আয়শা তৃতীয় স্থান অধিকার করে। অপরদিকে দ্বিতীয় গ্রুপ থেকে রাকিন হোসাইন প্রথম, সারাহ মাসুদ দ্বিতীয় এবং রিদওয়ান নূর তৃতীয় স্থান অধিকার করে। প্রতিযোগিতার পর ইফতার পর্ব শেষে অতিথি ও স্পন্সরগণ বিজয়ীদের মাঝে সার্টিফিকেট ও পুরষ্কার হিসেবে বিভিন্ন অর্থের চেক প্রদান করেন। এছাড়াও বিজয়ীদেরকে ফুলেল শুভেচ্ছা জানান টাইম টেলিভিশনের অন্যতম পরিচালক (মার্কেটিং ও কমিউনিটি আউটরীচ) সৈয়দ ইলিয়াস খসরু।

এর আগে সিটির এস্টোরিয়াস্থ টাইম টিভি ও বাংলা পত্রিকা অফিসের নিজস্ব স্টুডিওতে দুই গ্রুপের প্রতিযোগিতার প্রথম রাউন্ড ও দ্বিতীয় রাউন্ড প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে অর্ধ শতাধিক শি-কিশোর-কিশোরী অংশ নেন। পরবর্তীতে দুই গ্রুপ থেকে ১৫জন প্রতিযোগী চুড়ান্ত পর্বে অংশ নেয়। উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশ নিতে ৭০জন রেজিষ্ট্রেশন করে। এতে বাংলাদেশী বংশোদ্ভুত নতুন প্রজন্মের পাশাপাশি অন্য কমিউনিটির মুসলিম শিশু-কিশোর-কিশোরীদের অংশগ্রহণ ছিলো লক্ষণীয়। ফলে অংশগ্রহনকারী আর অভিভাবকদের উপস্থিতিতে টাইম টিভি ও বাংলা পত্রিকার বার্তা কক্ষ উৎসবমুখর হয়ে উঠে। প্রতিযোগিতা আয়োজনের সমন্বয়কারী ছিলেন মওলানা রশিদ আহমদ এবং সঞ্চালক ছিলেন মওলানা আহমেদ আবু সুফিয়ান। প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করেন মওলানা কারী মোহাম্মদ ইয়াসীন, ওস্তাদ রাহাত ইকবাল এবং ওস্তাদ আব্দুরহমান সুমারী।

প্রতিযোগিতার আয়োজন দেখে এতে অংশগ্রহনকারীদের অভিভাবকরা সন্তোষ প্রকাশ এবং টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র উদ্যোগের প্রশংসা করেন। প্রতিযোগিতার গ্র্যান্ড ফাইনাল সহ বিভিন্ন পর্ব টাইম টেলিভিশনে সরাসরি সম্পাচারিত হয়।

NORTH BENGAL FOUNDATION INC.
নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইনক

ইফতার ও দোয়া মাহফিল

তারিখঃ ১লা এপ্রিল ২০২৪, সোমবার, সময়ঃ সন্ধ্যা ৬টা
স্থানঃ ইকরা পার্টি হল, ৮৯-১৬ ১৭৫ স্ট্রিট, জ্যামাইকা, নিউইয়র্ক ১১৪৩২

সুধী, আস্সালামু আলাইকুম।
আগামী ১লা এপ্রিল, ২০২৪ইং, সোমবার, নর্থ বেঙ্গল ফাউন্ডেশনের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। উক্ত ইফতার ও দোয়া মাহফিলে আপনারা সবাই আমন্ত্রিত।

আমন্ত্রণে

আহ্বায়ক
আজিজুল হক মুন্না
৩৪৭-৪৫১-৭৩০৭

প্রধান সমন্বয়কারী
তাসকিনুল হক
৯১৭-৪৫৯-০৫৭৮

সদস্য সচিব
মোঃ রোকনুজ্জামান (রোকন)
৭১৮-৭৯৫-৮৫৫৩

যুগ্ম আহ্বায়ক
মোস্তফা কামাল (মিল্টন)

সমন্বয়কারী
মোঃ জিয়াউর রহমান, মোঃ শরিফুল ইসলাম

যুগ্ম সদস্য সচিব
মোঃ শফিউল আলম

সার্বিক ব্যবস্থাপনায়ঃ এবিএম মিজানুল হাসান, মোঃ আবু তাহের, আবুল হাসান মোঃ ফরহাদ হোসেন (রোজেন), মোঃ জাহাঙ্গীর আলম, মোঃ রাকিবুজ্জামান খান (তনু), মোতাহার হোসেন, মোঃ শামীম আহম্মেদ, মোঃ কাউসার আলী, ডাঃ শাহানাজ আলম (লিপি), মোঃ মসিউল্লাহ মাসুম।
সার্বিক তত্ত্বাবধানেঃ সাহানা বেগম (রিনা), মোঃ আব্দুল কুদ্দুস মিয়া (কাদন), মোহাম্মদ এ রাকিব, মোঃ শরিফুল ইসলাম, মোঃ রোকনুজ্জামান (রোকন), মোঃ মিজানুর রহমান (মিলন), মোহর উদ্দিন খান, ডাঃ শার্পিস রহমান, মোঃ জিয়াউর রহমান, আদান ইসলাম, মোঃ রহিমুল হুদা, মোঃ গোলাম রাব্বানি, মোঃ রান্না, এস এম জিল্লাহ।
সার্বিক সহযোগিতায়ঃ মোঃ সামিউল হক (জুয়েল), মোঃ আসাদুজ্জামান, মোঃ রাজীব আলী, আসিফ ইসলাম, মোঃ ইসমাইল হোসেন (স্বপন), মোঃ ইলাহি বক্স তালুকদার, শাহু মোহম্মদ ফরিদ, জাহিদুল ইসলাম জেমস্, মোঃ সাদিউর রহমান সাদি, মোঃ বিপুল সরকার, মোঃ মাহবুব হোসাইন, মোঃ আব্দুর রশিদ, মোঃ কাইসার আলী, মোঃ জাজু আহম্মেদ।
উপদেষ্টামন্ডলীঃ নাসির আলী খান, ডাঃ মাসুদুল হাসান, অধ্যাপিকা হুসনে আরা বেগম, ড. রুহুল কুদ্দুস, সবিরুল ইসলাম, জহিরুল ইসলাম টুকু, আল যুবায়ের বাচ্চু, এ্যাডঃ মাহবুবার রহমান বকুল, মোস্তাক আহমেদ, ডাঃ সাঈদ ইকবাল কবির, ফারুক মন্ডল, এইচ এম শহিদ, সাঈদ রহমান লাবু, মনিরুল ইসলাম, মফিজ উদ্দিন।
বিশেষ পৃষ্ঠপোষকতায়ঃ হাসানুজ্জামান হাসান (প্রতিষ্ঠাতা সভাপতি), ডাঃ আব্দুল লতিফ (সাবেক সভাপতি), ডাঃ সি এম হাসান (উপদেষ্টা), আশেয়ার হোসেন (উপদেষ্টা)।

সভাপতি
ডাঃ চৌধুরী সারোয়ারুল হাসান
৯১৭-৩১৯-৪৪০৬

সাধারণ সম্পাদক
মোজাফফর হোসেন
৯১৭-৭১০-৩৫৮২

প্রচার সম্পাদকঃ মোঃ রাহিমুল হুদা প্রধান কর্তৃক প্রকাশিত ও প্রচারিত









বদরুল-হাকিম নেতৃত্বাধীন কমিটির

(শেষের পাতার পর)

সুবিশাল বলরুমে বিপুল সংখ্যক মানুষের উপস্থিতিতে অনুষ্ঠানটি সিলেটবাসী ও কমিউনিটির গণ্যমান্য প্রবাসী বাংলাদেশীদের মিলন মেলায় পরিনত হয়। সংগঠনের ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক রোকন হাকিমের উপস্থাপনায় ইফতার ও দোয়া মাহফিলে সভাপতিত্ব করেন সভাপতি বদরুল হোসেন খান। এসময় মঞ্চে উপবিষ্ট ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আব্দুর রব মিয়া ও সাধারণ সম্পাদক রুহুল আমিন সিদ্দিকী, জালালাবাদ এসোসিয়েশনের ট্রাস্টি বোর্ডের সদস্য কাওছারুজ্জামান কয়েস, বদরুন নাহার খান মিতা, ছদরুন নুর ও সৈয়দ নাজমুল হোসেন কুবাদ।

অনুষ্ঠানের শুরুতেই শুভেচ্ছা বক্তব্য রাখেন ইফতার ও দোয়া মাহফিলের আহবায়ক মোহাম্মদ শফিউদ্দিন তালুকদার ও সমন্বয়কারী শামীম আহমেদ। পবিত্র কালামে কোরআন থেকে তেলাওয়াত ও দোয়া পরিচালনা করেন নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের কোষাধ্যক্ষ মাওলানা রশীদ আহমদ। এসময় উপস্থিত ছিলেন কার্যকারী পরিষদের সহ-সভাপতি লোকমান হোসেন লুকু, শামীম আহমেদ ও শফিউদ্দিন তালুকদার শফি, কোষাধ্যক্ষ মোহাম্মদ আলিম, সংগঠনিক সম্পাদক মোহাম্মদ জিল্লুর রহমান খান, প্রচার ও দপ্তর সম্পাদক ফয়সাল আলম, সাহিত্য ও সংস্কৃতিক সম্পাদক হোসেন আহমেদ, ক্রীড়া সম্পাদক মান্না মুনতাসির, আইন ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক বুরহান উদ্দিন, কার্যকরী সদস্য মোহাম্মদ আব্দুল আজিজ, হুমায়ুন কবীর সোহেল ও মোহাম্মদ দেলোয়ার হোসেন মানিক।

সভাপতি বদরুল খান তার বক্তব্যে উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং যথা সময়ে জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ইনক এর নির্বাচন হবে বলে আশ্বাস প্রদান করেন। ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম উপস্থিত সকলের প্রতি কৃতজ্ঞতা এবং বিশেষ করে সাবেক সাধারণ সম্পাদকগণের প্রতি তার বিশেষ কৃতজ্ঞতা প্রকাশ করে উপস্থিত সকলকে আসন্ন ঈদুল ফিতরের অগ্রিম শুভেচ্ছা জানান। ইফতার দোয়া ও মাহফিল আয়োজনে সার্বিক সহযোগিতার জন্য সিলেট মোটরের স্বত্বাধিকারী মাহবুবুর রহমান মুন্না কে ধন্যবাদ জানান। অনুষ্ঠানে অনুষ্ঠানে বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টেলিভশন সিইও আবু তাহের, সাপ্তাহিক প্রথম আলো সম্পাদক ইব্রাহীম চৌধুরী, সাপ্তাহিক জন্মভূমি সম্পাদক রতন তালুকদার, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম, সাপ্তাহিক ঠিকানার বার্তা সম্পাদক শহীদুল ইসলাম, ফটো সাংবাদিক নিহার সিদ্দিকী, এবি টিভির সিইও রিজু মোহাম্মদ ও সাংবাদিক শেখ শফিকুর রহমান ছাড়াও অন্যান্যের মধ্যে আরো উপস্থিত ছিলেন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক ও বাংলাদেশ সোসাইটি ইনকের সাবেক সভাপতি আজমল হোসেন কুনু, জালালাবাদ এসোসিয়েশন এর সাবেক সভাপতি মইনুল হক চৌধুরী হেলাল, সাবেক সাধারণ সম্পাদক জুনেদ এ খান, মিসবাহ মজিদ, আতাউর রহমান সেলিম ও আহমেদ জিলু, সাবেক সহ-সভাপতি ফয়জুর রহমান ফটিক, জোসেফ চৌধুরী, সাব্বির হোসেন ও আজিজুর রহমান (রানা), সাবেক সহ-সাধারণ সম্পাদক লোকমান হোসেন, সাবেক সাংগঠনিক সম্পাদক মানিক আহমেদ, সাবেক সমাজকল্যাণ ও সাংস্কৃতিক সম্পাদক জামিল আনসারি, সাবেক আইন ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক শামীম আহমেদ মনির, সাবেক বোর্ড অব ট্রাস্টি এডভোকেট মোহাম্মদ নাসির উদ্দিন, আব্দুর শহিদ প্রমুখ।

এছাড়াও বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের সদস্য আজিমুর রহমান বুরহান, সিনিয়র সহ সভাপতি মহিউদ্দীন দেওয়ান, সহ-সভাপতি ফারুক আহমেদ চৌধুরী, প্রচার ও গণসংযোগ সাম্পাদক রিজু মোহাম্মদ, সদস্য সাদি মিন্টু, বিএনপির কেন্দ্রীয় নেতা জিল্লুর রহমান জিলু, যুক্তরাষ্ট্র জাতীয় পার্টির সভাপতি মোহাম্মদ আব্দুর নুর বার ভুইয়া, বীর মুক্তিযোদ্ধা মুজাহিদুল ইসলাম, নিউজার্সী আওয়ামী লীগের সভাপতি আজমল হোসেন, কমিউনিটির বিশিষ্ট ব্যবসায়ী ও অ্যাক্টিভিস্ট সামছুল আবেদীন, শমসের আলী ও কিনু চৌধুরী, বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ'র সাবেক সভাপতি মকবুল রহিম চুনই ও মোস্তফা কামাল, সাধারণ সম্পাদক রেজাউল আলম অপু, সাবেক সাধারণ সম্পাদক মিসবাহ আহমেদ ও মাহবুবুর রহমান, হেলথ ফার্স্ট ম্যানেজার সালেহ আহমেদ, নিউইয়র্ক মহ-ানগর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক সাইকুল ইসলাম, মৌলভীবাজার জেলা বিএনপি সদস্য মিজানুর রহমান মিজান, মৌলবীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটি অব ইউএসএ'র উপদেষ্টা ফখরুল ইসলাম, সালেহ আহমদ চৌধুরী, জালাল চৌধুরী, মোহাম্মদ আলতাফ হোসেন, নব নির্বাচিত সভাপতি সোহান আহমদ টুটুল, সাধারণ সম্পাদক মোহাম্মদ জাবেদ উদ্দিন, কোষাধ্যক্ষ এমদাদ রহমান তফাদার, মৌলভীবাজার সরকারি কলেজের সাবেক জিএস সৈয়দ জুয়েল, সাবেক ছাত্রনেতা শাহান খান, সফিকুর রহমান, এনওয়াই পিডি অফিসার বিলাল আহমেদ, সাবেক ইউপি চেয়ারম্যান লিয়াকত আলী, হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতি যুক্তরাষ্ট্র এর সভাপতি মোহাম্মদ আজদু মিয়া তালুকদার, ব্রঙ্কস বরো আওয়ামী লীগের সভাপতি এম এ মুহিত, বিশিষ্ট রাজনীতিবিদ আসাদ উদ্দীন, বিশিষ্ট রিয়েল এস্টেট ইনভেস্টর নুরুল আজিম, কমিউনিটি অ্যাক্টিভেস্ট জামাল উদ্দীন, আলতাফ চৌধুরী, মুরশেদ আহমেদ, আশরাফুল আম্বিয়া, হাসনু মিয়া, শোয়েব আহমদ, আবুল হোসেন, নাজমুল হক এক্সপো রিয়েলটি আরিফ আহমেদ, হেলথ ফার্স্ট এজেন্ট তহিদুল ইসলাম সজিব, নজির উদ্দিন, ইসলাম উদ্দিন, নানু মিয়া প্রমুখ উপস্থিত ছিলেন। -প্রেস বিজ্ঞপ্তি।





বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

উজাড় হচ্ছে বনভূমি কর্তাদের সততা প্রশ্নবিদ্ধ

বাংলাদেশ থেকে উজাড় হয়ে যাচ্ছে বনভূমি। প্রভাবশালী নামক দানবেরা গিলে খাচ্ছে দেশের বনাঞ্চল। একটি দেশে সুস্থ পরিবেশের জন্য ভূখন্ডের ২৫ শতাংশ বনভূমি থাকা দরকার। বাংলাদেশে এখন বনভূমির পরিমাণ মাত্র ৭-৮ শতাংশ। প্রতিনিয়ত বন উজাড় হচ্ছে, এভাবে চলতে থাকলে আগামী এক দশকে সেটা ৫ শতাংশে নেমে আসবে। ওয়াশিংটনভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান ওয়ার্ল্ড রিসোর্সেস ইনস্টিটিউট পরিচালিত প্ল্যাটফরম গ্লোবাল ফরেস্ট ওয়াচের তথ্যানুযায়ী, দেশে করোনা-ভাইরাস মহামারির মধ্যেও ২০২০ সালে ৫৩ হাজার একর বন এলাকা কমেছে। ২০০১ থেকে ২০২০ সাল পর্যন্ত বাংলাদেশে বৃক্ষ আচ্ছাদিত এলাকা কমেছে প্রায় ৪ লাখ ৯৪ হাজার ২১১ একর। সহযোগী দৈনিকে প্রকাশিত খবরটি বাংলাদেশের পরিবেশ ও মানুষের জন্য উদ্বেগজনক। জীববৈচিত্র্যের জন্যও এটি একটি বিসংবাদ। বিশেষজ্ঞদের মতে, গাছ-গাছালি বিনাশ না হলে ৭৩.৪ মেগাটন কার্বন ডাই নিঃসরণ ঠেকানো যেত। দেশে বন বিভাগের মোট জমি ৩৭ লাখ ৭১ হাজার ১২৪ একর। এর মধ্যে তিন পার্বত্য জেলায় রাঙামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি রয়েছে ১৭ লাখ ১৬ হাজার একর জমি। নির্বিচার বৃক্ষনিধনে সুন্দরবনের আয়তন ১০ হাজার বর্গকিলোমিটার থেকে এখন ৪ হাজার বর্গকিলোমিটারে এসে ঠেকেছে। পরিবেশের হুমকি জেনেও ১ লাখ ৬০ হাজার একর বনভূমি বিভিন্ন ব্যক্তি ও সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের হস্তান্তর করা হয়েছে। দেশের বনাঞ্চল রক্ষায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ২ লাখ ৫৭ হাজার একর বনভূমির অবৈধ দখলকারী ব্যক্তি ও প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুত করেছে। তালিকা অনুযায়ী সারা দেশে বনভূমি দখলের সঙ্গে জড়িত রয়েছে ১ লাখ ৬০ হাজার ব্যক্তি ও প্রতিষ্ঠান। তবে দখলকারীরা এতই প্রভাবশালী এবং তাদের বিরুদ্ধে যারা ব্যবস্থা নেবেন তারা উৎকোচের প্রতি এতই দুর্বল যে, তাতে কোনো কাজ হচ্ছে না। বনাঞ্চল রক্ষায় বনসংশ্লিষ্ট সব বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের সততা আগে নিশ্চিত করতে হবে। নতুবা সবকিছু হবে প্রহসনের নামান্তর।

দলীয় সরকারের অধীনেও যেভাবে সুষ্ঠু নির্বাচন হতে পারে

॥ এহসান শামীম ॥

গণতান্ত্রিক রাষ্ট্রপরিচালনার প্রথম ধাপ হচ্ছে একটি জাতীয় নির্বাচন অনুষ্ঠান করে কোনো রাজনৈতিক দল বা জোট একটি নির্দিষ্ট সময়ের জন্য রাষ্ট্রপরিচালনা করবে তা নির্ধারণ করা। বাংলাদেশসহ যে কোনো রাষ্ট্রের মালিক জনগণ। এটি বাংলাদেশ সংবিধানে সুস্পষ্টভাবে বর্ণিত আছে। জনগণ ভোটের মাধ্যমে নিজ ভোটাধিকার প্রয়োগ করে তাদের প্রতিনিধি নির্বাচন করবে। এ নির্বাচিত প্রতিনিধিরা দল বা জোটের সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে সরকার গঠন করবে এবং পরবর্তী নির্বাচন পর্যন্ত দেশ পরিচালনা করবে।

বাংলাদেশের জনগণ এ ধরনের নির্বাচনের দ্বারাই তাদের ইচ্ছার বহিঃপ্রকাশ ঘটান। সেজন্যই জাতীয় নির্বাচন জনগণের কাছে একটি অতীব পবিত্র ও আনন্দ-উদ্দীপনার ব্যাপার। কিন্তু বাস্তবতা হলো, জাতীয় নির্বাচন নিকটবর্তী হলে রাজনৈতিক পরিস্থিতির এমনই অবনতি ঘটে, জনগণের কাঙ্ক্ষিত নির্বাচন ভূলুণ্ঠিত হয় এবং একটি বিতর্কিত সরকারের আবির্ভাব ঘটে।

জাতীয় নির্বাচনের এ দুর্যোগ মোকাবিলায় বাংলাদেশ এ পর্যন্ত যেসব সমস্যায় পড়েছে এবং তার উত্তরণের জন্য যে ব্যবস্থাদি নিয়েছে, তা সংক্ষেপে আবারও স্মরণ করা যায়। স্বাধীনতার ২ বছর পর ৭ মার্চ ১৯৭৩-এ জাতীয় সংসদের প্রথম নির্বাচন অনুষ্ঠিত হয়। স্বাধীনতা সংগ্রামের নেতৃত্বকারী আওয়ামী লীগ সরকারের অধীনে এ নির্বাচনটি পরিচালিত হয়। আওয়ামী লীগ ৩০০ সংসদীয় আসনের মধ্যে ২৯৩টি আসন পায়। একে ভূমিধস বিজয় বলা যায়। এ নির্বাচনটি সার্বিকভাবে সুষ্ঠু, ন্যায্য এবং অংশগ্রহণমূলক হয়েছে বলে বিবেচিত হয়। তবে, এ নির্বাচনেও জাল ভোট প্রদান ও নিহত হওয়াসহ হানাহানির ঘটনা ঘটে। সীমিত পরিসরে হলেও ক্ষমতা অপব্যবহার করে জাল ভোট প্রদান ও হানাহানি দ্বারা ভোটে জেতার প্রচেষ্টা কোনো সুস্থতার লক্ষণ নয়।

১৯৭৫ সালে সংবিধানের ৪র্থ সংশোধনী জারির মাধ্যমে রাষ্ট্রপতিশাসিত একদলীয় সরকার প্রতিষ্ঠা হয়। এ ক্ষেত্রে রাষ্ট্রের মালিক জনগণের কোনো অভিমত নেওয়া হয়নি। জনগণের মতামত না থাকায় সংশোধনীটি সংবিধানের মৌলিক প্রেরণার ব্যত্যয় ঘটিয়েছে। এটি জাতীয় সংসদ যে বিষয়ে ক্ষমতাপ্রাপ্ত নয়, তা করে রাষ্ট্রের মালিক জনগণকে উপেক্ষা করেছে। এভাবে সংসদের সিদ্ধান্তে জনগণের ইচ্ছাকে উপেক্ষা করার বীজ রোপিত হয়। ১৯৭৫-পরবর্তীকালে দেশ সামরিক শাসনের শাসনাধীন হয়। এ সময়ে ৩টি নির্বাচন হয় ১৯৭৯, ১৯৮৬ ও ১৯৮৮ সালে। শেষের দুটি নির্বাচনের একটিতে একটি বড় দল ও অন্যটিতে দুই বড় দল বয়কট করে। এ নির্বাচনগুলো অবাধ ও মুক্তভাবে অনুষ্ঠিত হয়নি বলে অভিযোগ রয়েছে। পক্ষপাতমূলক আচরণ, ভোট জালিয়াতি ও সন্ত্রাস সৃষ্টি ইত্যাদি ব্যতীত নতুন একটি অভিযোগ সংযোজিত হয়, যাকে state managed election বলা হয়। যেখানে রাষ্ট্রীয় বিভিন্ন প্রতিষ্ঠান ব্যবহারপূর্বক সরকারি দল নিজেদের জয় নিশ্চিতকরণের প্রচেষ্টা গ্রহণ করে। এভাবে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ব্যবহারের মাধ্যমে নির্বাচন কারচুপির একটি নতুন ধারা সূচিত হয়। নির্বাচনকে সুষ্ঠু, মুক্ত ও ন্যায়ভিত্তিক করার উদ্দেশ্যে তত্ত্বাবধায়ক সরকারের অধীনে জাতীয় নির্বাচন আয়োজনের পদ্ধতি গৃহীত হয়। এ পদ্ধতিতে সত্যিকার অর্থে ৫ম, ৭ম ও ৮ম সংসদ নির্বাচিত হয়। এ ৩টি নির্বাচনকে এখনো বাংলাদেশে অনুষ্ঠিত সব নির্বাচনের মধ্যে সবচেয়ে ভালো নির্বাচন হিসাবে গণ্য করা হয়।

৯ম নির্বাচনটি সশস্ত্র বাহিনী প্রভাবিত একটি তত্ত্বাবধায়ক সরকারের অধীনে অনুষ্ঠিত হয়। এ নির্বাচনে জয়ী দল জনমত উপেক্ষা করে পরবর্তীকালে সংসদে একতরফাভাবে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলুপ্ত করে। এরপর দলীয় সরকারের অধীনে অনুষ্ঠিত ২০১৪ ও ২০১৮ সালের নির্বাচন দুটি বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে ত্রুটিপূর্ণ নির্বাচন হিসাবে অভিহিত হয়েছে। কারণ, জনগণ তাদের ভোটাধিকার প্রয়োগে বিভিন্নভাবে বঞ্চিত হয়েছে। পূর্বাপর বিবেচনায় এটি নিশ্চিতভাবে বলা যায়, দলীয় সরকারের অধীনে জাতীয় নির্বাচন অনুষ্ঠানের সক্ষমতা বাংলাদেশ এখনো অর্জন করতে পারেনি।

এখানে উল্লেখ্য, সংসদে বিজয়ী কোনো দল তাদের নির্বাচনি মেনিফেস্টোতে উল্লেখিত বিষয়াদি ব্যতীত সংবিধান সংশোধনবিষয়ক কোনো প্রস্তাব গ্রহণ করলে তা জনগণের মতামত উপেক্ষা করা হয়েছে বলে বিবেচিত হবে। সংবিধান সংশোধনের কোনো প্রস্তাব কোনো দলকে গ্রহণ করতে হলে তা জাতীয় নির্বাচনের আগে তা তাদের নির্বাচনি মেনিফেস্টোতে বিবৃত থাকা বাঞ্ছনীয়।

অতএব, বর্তমান সরকারের নিরঙ্কুশ তত্ত্বাবধানে অনুষ্ঠিত দ্বাদশ সংসদ নির্বাচন প্রশ্নবিদ্ধ হয়েছে এবং জাতি একটি গভীর সংকটে পতিত হয়েছে। তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বর্তমান সংবিধানে অনুপস্থিত এবং বিভিন্ন কারণে বিতর্কিত হওয়ায় রাষ্ট্রকে সুষ্ঠু ও স্বচ্ছ নির্বাচনের জন্য নতুন একটি পদ্ধতি উদ্ভাবন যৌক্তিক হবে।

ক্ষমতাসীন দলের অধীনে এ পর্যন্ত অনুষ্ঠিত নির্বাচনগুলো পর্যবেক্ষণে দেখা যায় যে, কোনো নির্বাচনই সুষ্ঠু, মুক্ত ও অংশগ্রহণমূলক হয়নি। বরং ভোটের আগে বিরোধী দলের নেতাকর্মীদের মামলা দিয়ে কারাবন্দি করা হয়েছে, ভোটারদের ভোট দিতে ভয় দেখানো হয়েছে, সব ধরনের মিডিয়াকে ব্যবহার করে সরকারপক্ষে পক্ষপাতমূলক প্রচারের মাধ্যমে ভোটারদের প্রভাবিত করা হয়েছে ও বহুল আকারে ভোট জালিয়াতি হয়েছে।

জাতীয় নির্বাচন অংশগ্রহণমূলক, প্রতিযোগিতামূলক ও জনগণের কাছে গ্রহণযোগ্য হতে হলে আন্তর্জাতিকভাবে স্বীকৃত জাতিসংঘ ঘোষিত সর্বজনীন মানবাধিকার সনদে বিবৃত নির্দেশনাবলি যথাযথভাবে পালিত হচ্ছে কিনা তা নিশ্চিত হওয়া প্রয়োজন।

সুষ্ঠু, মুক্ত ও ন্যায়ভিত্তিক একটি নির্বাচন বাস্তবায়নের জন্য সরকারের কোনো হস্তক্ষেপ ব্যতিরেকে রাষ্ট্রের সব প্রতিষ্ঠানের পূর্ণাঙ্গ অংশগ্রহণে নির্বাচন পদ্ধতির যাবতীয় কার্যক্রম সংঘটিত হওয়া জরুরি এবং অত্যাবশক। নির্বাচন পদ্ধতির ভেতর যেসব বিষয়ের উপস্থিতি একান্ত জরুরি তা হলো-১. একটি নির্ভুল ভোটার তালিকা। ভোট প্রদানের যোগ্য সব নাগরিক যাতে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয়, সেজন্য ব্যাপক প্রচার ও উদ্যোগ গ্রহণ এবং নিশ্চিতকরণ। ২. ভোটকেন্দ্র নির্বাচনে যথাসম্ভব নিরাপদ স্থান নির্ধারণকরণ। ভোটাররা যদি ভোটকেন্দ্রকে নিরাপদ মনে করে, তবে তারা ভোটকেন্দ্রে যেতে আগ্রহী হবে এবং ভোট প্রদান বেশি হবে। একইসঙ্গে ভোটকেন্দ্রের ভেতর ও বাইরে উভয় অংশে নিরাপত্তা বাহিনী দ্বারা নজরদারিপূর্বক কোনো ধরনের গণজমায়েত যাতে সংঘটন হতে না পারে, তা নিশ্চিত করতে হবে। ৩. ভোটারদের নির্বিঘ্নে নিজ ভোট প্রদানের সব ব্যবস্থা সুসংহত করা এবং জাল ভোট প্রদান বা ব্যালট স্টাফিং সম্পূর্ণ বন্ধ করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা। জাতীয় পরিচয়পত্রের মাধ্যমে ভোটার নিশ্চিত করে ব্যালট পেপার প্রদান করা হলে জাল ভোট প্রদান বন্ধ করা সম্ভব হবে। ৪. নির্ভুল ভোট গণনা। কেন্দ্রের ভোটকেন্দ্রেই গণনা করে সব প্রার্থীর প্রতিনিধির স্বাক্ষর নিয়ে কেন্দ্রেই ভোটের ফলাফল ঘোষণা করা যৌক্তিক হবে। কমপক্ষে বড় দলের প্রার্থীদের প্রতিনিধির কেন্দ্রে উপস্থিত থাকা কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব হিসাবে বিবেচিত হবে। ৫. বড় দলগুলোর নির্বাচনে অংশগ্রহণ নিশ্চিতকরণ। বড় দল নির্বাচন বর্জন করলে ভোটাররা ভোট প্রদানে নিরুৎসাহিত হয় এবং ভোট প্রদানের হার কম হয়। এ নির্বাচন প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ও অংশগ্রহণমূলক হয় না। দেশ সত্যিকার প্রতিনিধিত্বকারী সংসদ গঠন থেকে বঞ্চিত হয়। ৬. বড় দলগুলো এলাকায় পরিচিত এবং উৎকৃষ্ট গুণাবলিসম্পন্ন ব্যক্তিকে প্রার্থী হিসাবে মনোনয়ন দিলে নির্বাচন প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হবে। এতে দলনিরপেক্ষ ভোটাররা ভোট দিতে আগ্রহী হবে এবং ভোটার টার্নআউটও বেশি হবে, যা অংশগ্রহণমূলক নির্বাচনের জন্য একটি অত্যাবশ্যক অনুষঙ্গ। ৭. নির্বাচন তফশিল ঘোষণার পর সব দলের প্রার্থীর জন্য সমান সুযোগ-সুবিধা (লেভেল প্লেয়িং ফিল্ড) নিশ্চিত করা সুষ্ঠু, মুক্ত ও অংশগ্রহণ নির্বাচনের একটি প্রধান শর্ত। এর ব্যত্যয় ঘটালে নির্বাচন প্রশ্নবিদ্ধ হয়।

ক্ষমতাসীন দলের অধীনে এ পর্যন্ত অনুষ্ঠিত নির্বাচনগুলো পর্যবেক্ষণে দেখা যায় যে, কোনো নির্বাচনই সুষ্ঠু, মুক্ত ও অংশগ্রহণমূলক হয়নি। বরং ভোটের আগে বিরোধী দলের নেতাকর্মীদের মামলা দিয়ে কারাবন্দি করা হয়েছে, ভোটারদের ভোট দিতে ভয় দেখানো হয়েছে, সব ধরনের মিডিয়াকে ব্যবহার করে সরকারপক্ষে পক্ষপাতমূলক প্রচারের মাধ্যমে ভোটারদের প্রভাবিত করা হয়েছে ও বহুল আকারে ভোট জালিয়াতি হয়েছে। এছাড়া, নির্বাচনকালীন সহিংসতার মাধ্যমে ভোটারদের ভোট দিতে নিরুৎসাহিত করা হয়েছে। এ সবই খারাপ নির্বাচনের উদাহরণ।

এটি এখন প্রতিষ্ঠিত, ক্ষমতাসীন সরকারের অধীনে সুষ্ঠু, মুক্ত ও অংশগ্রহণমূলক নির্বাচন অনুষ্ঠানের পরিবেশ বাংলাদেশে নেই। পরিবেশ সুষ্ঠু করার লক্ষ্যে যেসব কাঠামোগত পদক্ষেপ গ্রহণ যৌক্তিক হবে, সেসব ভাবনার কিছু নিম্নে উল্লেখ করা হলো-

১. ক্ষমতাসীন সরকার দ্বারা সুবিধাপ্রাপ্ত আমলাতন্ত্র, বিশেষভাবে প্রশাসন ও পুলিশ নির্বাচনে নিরপেক্ষতা বজায় না রেখে সরকারি দলকে জেতানোর লক্ষ্যে পক্ষপাতমূলক আচরণ করার অভিযোগ জনগণ বিশ্বাস করে। সরকার চুক্তিভিত্তিক নিয়োগ এবং পদ না থাকা সত্ত্বেও পদোন্নতি দিয়ে তাদের কাছ থেকে সুবিধা নিশ্চিত করে। সরকারি নিয়মিত পদে চুক্তিভিত্তিক নিয়োগ এবং পদ ছাড়া পদোন্নতির এ বিশেষ সুবিধা সম্পূর্ণ বন্ধ করলে আমলাতন্ত্র সরকারি দলের **(বাকি অংশ ০৬ পাতায়)**

নামাজের সময়-সূচী

মার্চ	২৫	২৬	২৭	২৮	২৯	৩০	৩১
ফজর	৫.৩৫	৫.৩৩	৫.৩১	৫.২৯	৫.২৭	৫.২৬	৫.২৪
সূর্যোদয়	৬.৫১	৬.৪৯	৬.৪৭	৬.৪৬	৬.৪৪	৬.৪২	৬.৪১
জোহর	১.০২	১.০১	১.০১	১.০১	১.০১	১.০০	১.০০
আসর	৫.২৪	৫.২৫	৫.২৬	৫.২৬	৫.২৭	৫.২৮	৫.২৮
মাগরিব	৭.১৩	৭.১৪	৭.১৫	৭.১৬	৭.১৭	৭.১৮	৭.১৯
এশা	৮.২৯	৮.৩০	৮.৩১	৮.৩৩	৮.৩৪	৮.৩৫	৮.৩৬

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৭ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৮ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার

Akash Ferdaus MD
Akash Medical Care
Internal & Geriatric Medicine
হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist
পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon
Complete Physical & Follow up
DMV/TLC, School Physical
Flu Shots, Hajj & Umrah Vaccine
Blood, Urine Test, EKG
Immigration Physical
Podiatric Surgery
COVID Test & COVID Vaccine
All Types of Vaccine
FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM
79 Church Avenue, Brooklyn, NY 11218

দলীয় সরকারের অধীনেও যেভাবে

(৫ পাতার পর)

পক্ষপাতপূর্ণ আচরণে আগ্রহী হবে না। এতে নির্বাচনে অনেকটা সুস্থতা ফিরে আসবে।

২. সুষ্ঠু নির্বাচনের অন্যতম একটি প্রতিবন্ধকতা হচ্ছে নির্বাচন-পূর্ব সময়ে বিরোধী দলের নেতাকর্মীদের নানা অভিযোগে হয়রানিমূলক মামলা ও জেল দিয়ে তাদের নির্বাচনে প্রচার-প্রচারণা থেকে নিবৃত রাখা। এতে সব দলের জন্য সমান সুবিধা ব্যাহত হয়, ভোটারদের মধ্যে ভয়ভীতির সৃষ্টি হয়, ভোট একপেশে হয় এবং ভোটার turn out কম হয়। ভোট জালিয়াতি বেড়ে যায় এবং এতে ভোটের হার বেশি দেখানোর সুযোগ তৈরি হয়। এ পরিস্থিতি বন্ধ করার একমাত্র উপায় হলো নির্বাচন-এর নির্দিষ্ট সময় আগে বিরোধী দলের নেতাকর্মীদের মামলার নামে গ্রেফতার ও জেলে পাঠানো সম্পূর্ণরূপে বন্ধ রাখা নিশ্চিত করা। এতে ভোটের পরিবেশ অনেক স্বাভাবিক হবে। এ লক্ষ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কার্যক্রম সার্বক্ষণিক দেখভালের জন্য নিবন্ধিত রাজনৈতিক দলের প্রতিনিধি সমন্বয়ে একটি কমিটি গঠন যৌক্তিক হবে এবং পক্ষপাতের সুযোগ বন্ধ হবে। এ কমিটি পুলিশের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের পদায়ন নিরপেক্ষতার ভিত্তিতে বাস্তবায়নের দায়িত্ব পালন করবে।

৩. নির্বাচনের সময় প্রচার-প্রচারণা একটি গুরুত্বপূর্ণ বিষয়। প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া সরকারের নিয়ন্ত্রণাধীন থাকার স্বার্থে সরকার নিজ কর্মকাণ্ডের প্রচার বৃদ্ধি করে এবং বিরোধীদের নিয়ে অপপ্রচার চালায়। এখানে একটি সর্বদলীয় কমিটির মাধ্যমে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের কার্যক্রম তদারকির ব্যবস্থা করা হলে প্রচার কার্যক্রমে ভারসাম্য আসবে এবং বিশেষ করে অপপ্রচার বন্ধ হবে। উল্লেখ্য, নির্বাচনের সময়ে প্রকল্প উদ্বোধন এবং নতুন প্রকল্প গ্রহণ সম্পূর্ণ বন্ধ রাখতে হবে। এটি সরকারি দলকে বাড়তি সুবিধা দেবে না এবং প্রকল্প কাজে অপব্যয় বন্ধ হবে।

৪. নির্বাচনের সময়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের দায়িত্ব খুবই গুরুত্বপূর্ণ। এখানে প্রশাসনের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের পদায়ন/বদলির কাজ সম্পন্ন হয়। মাঠ প্রশাসনের কর্মকর্তারা নির্বাচন কার্যক্রম পরিচালনা করেন। নিরপেক্ষতার সুনাম আছে এরূপ কর্মকর্তা ডিসি/ইউএনও হিসাবে পদায়িত হলে নির্বাচনের সুষ্ঠুতা অনেকাংশে নিশ্চিত করা সম্ভব। এখানেও একটি সর্বদলীয় কমিটি দ্বারা মন্ত্রণালয়ের কার্যক্রম তদারকি করা জরুরি।

৫. নির্বাচনের আগে-পরে একটি নির্দিষ্ট সময়ের জন্য সেনাবাহিনীর নেতৃত্বে সব শৃঙ্খলা বাহিনী দেশের আইনশৃঙ্খলা দেখভাল করবে। নির্বাচনের দিন দেখা যায়, নির্বাচন কেন্দ্রের বাইরে বিভিন্ন দলের ক্যাম্প থাকে, এ ক্যাম্প থেকে ভোটার নম্বর ও অন্যান্য সহযোগিতা দেওয়া হয়। এ ক্যাম্পগুলো যথাযথভাবে দায়িত্ব পালন করে না। এতে ভোটের পরিবেশ নষ্ট হয়। এ কাজটি সুন্দরভাবে স্কাউট দ্বারা করা যেতে পারে। ভোট-াররা নির্দ্বিধায় স্কাউটদের সহযোগিতা নিতে আগ্রহী হবে। এতে তরুণ প্রজন্ম নির্বাচনের সঙ্গে সম্পৃক্ত হয়ে ভোটের গুরুত্বের বিষয়ে সচেতন হবে।

৬. নির্বাচন কমিশনকে পরামর্শ দেওয়ার জন্য একটি সর্বদলীয় কমিটি থাকা অত্যন্ত জরুরি। কমিশন এ কমিটির পরামর্শ ও সহযোগিতা নিয়ে কাজ করলে নির্বাচন সুষ্ঠু হওয়ার সম্ভাবনা বৃদ্ধি পাবে এবং কমিশনও বিতর্কিত হবে না। যেহেতু বর্তমান সংবিধানে তত্ত্বাবধায়ক সরকার গঠনের কোনো সুযোগ নেই, সেজন্য বর্তমান প্রধানমন্ত্রীই সরকারের দায়িত্ব পালন করতে পারেন। তবে, তিনি সরকারের দৈনন্দিন কাজ ছাড়া নতুন কাজ সম্পাদন থেকে বিরত থাকবেন। এছাড়া, স্বরাষ্ট্র, তথ্য ও জনপ্রশাসন মন্ত্রণালয় নির্বাচনের সঙ্গে ওতপ্রোতভাবে সম্পৃক্ত, প্রধানমন্ত্রী সুষ্ঠু নির্বাচনের স্বার্থে সংসদের বিরোধী দলের সদস্য থেকে এ তিন মন্ত্রণালয়ের মন্ত্রী নিয়োগ প্রদান করতে পারেন।

বৃহৎ দল/জোটগুলোর মধ্যে আলোচনা ব্যতিরেকে সুষ্ঠু, মুক্ত ও অংশগ্রহণমূলক নির্বাচন সম্ভব নয়। এ অবস্থায় দেশ অস্থিতিশীলতার মধ্যে পড়বে এবং দেশের অর্থনীতি ক্ষতিগ্রস্ত হবে, যা কারও কাম্য নয়। সংবিধানের মধ্যে থেকেই আলোচনার মাধ্যমে সব দল একটি সুষ্ঠু, মুক্ত ও অংশগ্রহণমূলক নির্বাচনের প্রক্রিয়া খুঁজে বের করা দেশ ও জাতির স্বার্থে এখন সময়ের দাবি।

লেখক: সাবেক সচিব; নির্বাহী সদস্য, ইনিশিয়েটিভ ফর দ্য প্রমোশন অব লিবারেল ডেমোক্রেসি

হোয়াইট হাউসে ঈদের অনুষ্ঠান

(প্রথম পাতার পর)

তবে এবার তার দাওয়াতে যাচ্ছেন না মুসলিম নেতারা। যুক্তরাষ্ট্রভিত্তিক কাউন্সিল অন আমেরিকান-ইসলামিক রিলেশনসের গভর্নমেন্ট অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টের পরিচালক রবার্ট ম্যাককাও বলেছেন, রমজান ও ঈদ উদযাপনের অনুষ্ঠানে আমন্ত্রণ এলে আমেরিকান মুসলিম কমিউনিটির নেতারা ও সংগঠনগুলো যে তা প্রত্যাখ্যান করবে সেটি বোঝা যাচ্ছে। সংগঠনের নেতারা বলছেন, বাইডেন প্রশাসনের সঙ্গে ঈদ উদযাপন করা সম্ভব নয়। কারণ, তারা গাজায় ইসরাইল সরকারের বোমাবর্ষণের মাধ্যমে নির্বিচার নিরপরাধ নারী-পুরুষ ও শিশু হত্যায় সমর্থন ও সহযোগিতা দিচ্ছে। এর আগে ২০২১ সালে, ইসরাইল ও হামাসের মধ্যে বৈরিতা বেড়ে যাওয়ায় বাইডেনের ভার্চুয়াল ঈদ উদযাপন বয়কট করেছিলেন অনেক আমেরিকান মুসলিম।

NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.
COMPLETE BODY REPAIR
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
Nur Bhai
President
718-551-1405

OPEN 24 HOURS
35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052



Sarwor Khan
LIC. Real Estate Saleperson
Cell: 347-665-7580

EXIT REALTY PRIME

This is the best time to Buy or Sell your home

বাড়ী কিনার এখনই উপযুক্ত সময়
সুলভে বাড়ী কিনতে
আমাদের সাথে যোগাযোগ করুন

- Residential
- Commercial
- Co-op Condo
- HUD
- Pre-Forclosure
- Rental & Short Sale

- রেসিডেনসিয়াল
- কমার্শিয়াল
- কো-অপ কনডো
- HUD-বাড়ি
- প্রি-ফরক্লোজার
- ভাড়া ও শর্ট সেল



189-10 Hillside Ave, Jamaica NY 11423
Tel: 718-262-0205 Cell: 347-665-7580
Email: sarworexitrealty@gmail.com, Web:Exitprimeny.com

নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদানে
বাসায় অত্যাধুনিক হিটিং ও
এয়ারকন্ডিশন লাগাতে চান?

লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন

সম্মানিত বাড়ির মালিকগণ আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে চাই

নতুন বছর উপলক্ষে ৫০% সেল



স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকান্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন



তোফায়েল চৌধুরী (লিটন)

এই অত্যাধুনিক সিস্টেমে আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে



আমাদের কল করুন
914-222-9477 or 914-989-0089
GREE MECHANICAL YONKERS
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW

ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ। ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেডনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এসে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

মাত্রাত্র ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ অর্জনে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

চলমান কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ব ইমিগ্রেশন সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিস্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

বাঙালী মুসলমানের ‘স্বাধীনতা’

(শেষের পাতার পর)

সুপরিসর রুমে ধর্মপ্রাণ মুসলমানদের জন্য এই স্পেশাল সেহরির আয়োজন করা হয়। প্রেসিডেন্ট বাইডেন পদক এবং বৃটিশ কারী অ্যাওয়ার্ড প্রাপ্ত সেফ খলিলুর রহমান রাত জেগে নিজ হাতে রোজাদারদের সেবা দিতে সেহরী প্রস্তুত করেন। ওপেন বাফেটের সেহরী খাবারে নানা ধরনের বৈচিত্রময় খাবারের আয়োজন ছিলো। ইলিশ মাছ ভুনা থেকে কয়েক পদের মাছের তরকারী, গরু-খাসি ভুনা, সাদা ভাত, পোলাও, নান রুটি, কলা, দুধ, নানা রকমের ফল, মিস্টি ইত্যাদি। ছিলো চা, কফি সহ নানা আয়োজন।

রেস্তোরাঁর দেয়ালে টাঙানো ঘড়িতে তখন রাত দুটো। অথচ সন্ধ্যায় ইফতারের সময়ের যেমন জমজমাট অবস্থা থাকে, তেমনই দেখা গেল ব্রঙ্কসের খলিল ফুড কোর্টে। নানা বয়সী মানুষের উপস্থিতিতে রীতিমতো গমগম করছিল সুপরিসর রেস্তোরাঁটি। পুরুষের পাশাপাশি নারীদের উপস্থিতিও ছিলো চোখে পড়ার মতো। কুইন্স, নর্থ ব্রঙ্কস সহ নানা এলাকার মানুষ ছুটে এসেছিলেন খলিলের সেহরি পার্টির মজাদার খাবার উপভোগ করার জন্য।

মিডিয়াকর্মীদের মধ্যে উপস্থিত ছিলেন পরিচয় সম্পাদক নাজমুল আহসান, নবযুগ সম্পাদক সাহাব উদ্দীন সাগর, সাংবাদিক শাহেদ আলম, সাংবাদিক দিদার চৌধুরী, ইউএস নিউজ অন লাইন সম্পাদক সাখাওয়াত হোসন সেলিম, ফটো সাংবাদিক এমবি তুষার, টাইম টিভির ব্রডকাস্ট ইঞ্জিনিয়ার সামিউল ইসলাম, তার সহধর্মিনি আশরাফি পলক প্রমুখ।

কমিউনিটি নেতৃবৃন্দের মধ্যে ছিলেন স্বপরিবারে এডভোকেট এন মজুমদার, সিপিএ জাকির চৌধুরী, বাফার প্রেসিডেন্ট ফরিদা ইয়াসমিন, বিবিএ সাধারণ সম্পাদক এ ইসলাম মামুন, কমিউনিটি নেতা মোজাফফর হোসেন, কামরুজ্জামান বাবু, যুবলীগ নেতা জামাল হোসাইন, সুমন চৌধুরী, স্বপন তালুকদার, কারেকসন অফিসার কাজী রাশিদুল হাসান, জাসদ নেতা নুরে আলম জিকু সহ আরো অনেকে।

কুইন্স থেকে এসেছিলেন শো টাইম মিউজিকের আলমগীর খান আলম, রিয়েলটর নুরুল আজিম, আহসান হাবীব সহ অন্যান্যরা।

শেফ খলিল জানান, আজকে সেহরী পার্টিতে যে অভাবনীয় সারা পেয়েছি তাতে আমি অভিভুত। আমি আগামীতেও আরো সেহেরী পার্টির আয়োজন করতে চাই। আগামীর এমনি আয়োজনে তিনি কমিউনিটির সর্বস্তরের মানুষের উপস্থিতি কামনা করেন। মধ্যরাত থেকে ভোরের আজান অবধি অতিথিরা চুটিয়ে আড্ডা দেন এই সেহরি পার্টিতে।

(শেষের পাতার পর)বাঙালী তো বাঙালীই, তাকে আবার হিন্দু মুসলমান বলে ভাগ কেন। না, জাতিগতভাবে কোন বিভক্তি নেই। তবে ধর্মবিশ্বাষের ভিত্তিতে এমন পরিচয় তো আছেই। এটা বাস্তবতা। এই বাস্তবতা কখনও কখনও প্রকট হয়ে ওঠে যখন সমাজে বৈষম্যের সৃস্টি হয়। এই বাস্তবতার প্রেক্ষিতে আমি কিছুটা আলোচনা করার চেষ্টা করেছি বাঙালীর জাতিগত ও ধর্মভিত্তিক পরিচয়ের উদ্ভব এবং বিকাশের। তাদের গড়ে ওঠা স্ব-অধীনতা এবং হাজার বছরের পথচলার।

ইতিহাস ঘেটে দেখা যায় বঙ্গ বাঙালা বা প্রাচীন চায়নীজ পুঁথিসাহিত্যে উল্লেখিত ‘মাঙ্কালা’ অঞ্চলের ইতিহাস অনেক পুরনো হলেও বঙ্গরাজ্য গঠনের শুরু মাত্র হাজার বছর আগে। আজকের যে বাংলাদেশ এবং ভারতের পশ্চিমবঙ্গ মিলে বৃহত্তর বাংলা- গোড়াতে এটা কোন একক দেশ বা এক রাজ্য ছিল না। অঙ্গ বঙ্গ সমতট হরিকেল পুন্ড্রবর্ধন তিরাভুক্তি রাধা প্রাগজোতিষি গঙ্গাদী সুহমা- প্রভৃতি অঞ্চল ভিন্নভিন্ন রাজা বা শাষক দ্বারা শাষিত হতো। এদের মধ্যে প্রতিযোগীতা ছিল, রাজায় রাজায় যুদ্ধ হতো, এক রাজা অন্য রাজ্য দখল করে নিতো। সপ্তম শতকে রাজা শশাঙ্ক এই রাজ্যগুলোকে একীভূত করে গৌড়িয় সাম্রাজ্য গঠনের মাধ্যমে বৃহত্তর বাংলা রাজ্যের গোড়াপত্তন করেন। রাজা শশাঙ্কের মৃত্যুর পর গোটা দেশে গৃহযুদ্ধের পরিস্থিতি সৃস্টি হয়। উদ্ভব ঘটে গৌড়িয় পাল সাম্রাজ্যের। কিন্তু কালের চক্রে এই সাম্রাজ্য ভেঙ্গে পড়ে। দক্ষিণ-পূর্ব বাংলা এবং আরাকানে চন্দ্র বংশ রাজত্ব শুরু করে, উত্তর-পূর্ব বাংলা এবং আসামঅঞ্চলে বর্মন বংশ, পাল বংশের প্রধান উত্তরসুরী সেন বংশ বাংলার অধিকাংশ অঞ্চল এবং দেব বংশ কিছু কিছু অঞ্চল শাষন করে। এই সময়কালে আরব বনিকদের দক্ষিণ-পূর্ব বাংলায় মেঘনা অববাহিকা অঞ্চলে ব্যবসা বাণিজ্য করার প্রমান পাওয়া যায়। ধারনা করা হয় চায়না যাওয়ার জন্য এই পথকে তারা ট্রানজিট রুট হিসেবে ব্যবহার করতো। সপ্তম শতকে আরবে যখন ইসলাম ধর্মের অভ্যুদয় ঘটে তখনও আরব মুসলিম বনিকরা এই পথে যাতায়ত করতো। মূলত: এ সময় থেকেই বাংলায় কিছুকিছু করে ইসলাম ধর্মের প্রচারের কথা জানা যায়। উত্তরাঞ্চলে একটি পুরনো মসজিদের প্রত্নতাত্বিক গবেষণা থেকে ধারনা করা হয় রাসুলুল্লাহর (স:) জীবদ্দশায়ই এ অঞ্চলে ইসলাম ধর্মের অনুসারি তৈরী হয়েছিল।

১২০৪ সালে আফগান জেনারেল ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বখতিয়ার খিলজি গৌড়িয় সেন রাজাকে পরাস্ত করে বাংলা অধিকার করে নিলে বাংলায় ব্যপকভাবে ইসলাম ধর্ম প্রচারের পথ সুগম হয়। পরবর্তী দেড় শ’ বছর বাংলা দিল্লী সালতানাতের অধীনে ছিল। পরের দেড় শ’ বছরের মত ইলিয়াস শাহ বংশের শাষন। এর পর প্রায় চার শ’ বছর মোঘলরা। ১৭৫৭ সালের পর ইংরেজ বনিকরা বাংলার কার্যকর শাষক হিসেবে আবির্ভূত হয়। এক শ’ বছর পর স্বাধীনতার দাবীতে গড়ে ওঠা সিপাহি বিদ্রোহ ব্যর্থ হলে বৃটিশরাজ শাষন ক্ষমতা নিজেদের হাতে নিয়ে নেয়। তার পর নব্বই বছর।

মুসলিম শাষন আমলে বাংলায় ইসলাম প্রচারের কাজ ব্যপকভাবে চালু হলে মুসলিম জনসংখ্যা বৃদ্ধি পেয়ে চলে। পারশ্য অঞ্চল আরব দেশসমূহ উজবেকিস্তান- প্রভৃতি অঞ্চল থেকে ইসলাম ধর্ম প্রচারকরা এসে স্থানীয় ধর্মাবলম্বিদেরকে ব্যপকভাবে ধর্মান্তরিত করার মাধ্যমে এ কাজে উল্লেখযোগ্য ভূমিকা রাখেন। এ দেশে স্থানীয় বা সনাতন ধর্মাবলম্বিদের মধ্যে কথিত নীচু জাত বা নম:শুদ্ররাই মূলত: ইসলাম ধর্ম গ্রহন করে মুসলমান হন। সনাতন ধর্মালম্বিদের মধ্যে জাতপাতের প্রথা কঠিনভাবে প্রচলিত থাকায় নিম্নবর্ণের হিন্দুরা উঁচু বংশীয় বা ব্রাহ্মনদের হাতে নানাভাবে নিগৃহিত হতেন। অনেকক্ষেত্রে তাদেরকে মানুষ বলেই গন্য করা হতো না। দীর্ঘকালের শোষন বঞ্চনা বৈষম্যের কারনে সৃষ্ট পুঞ্জিভূত ক্ষোভ থেকেই এরা ইসলাম ধর্ম গ্রহন করতো। এভাবেই বাংলায় মুসলমান সম্প্রদায়ের সৃস্টি। কাজেই মুসলমানরা বহিরাগত কেউ না।

ইতিহাসে দেখা যায় তুর্কী বীর শামসুদ্দিন ইলিয়াস শাহ-ই মূলত: ঐক্যবদ্ধ বাংলার প্রতিষ্ঠাতা। শাষনকাজ পরিচালনার সুবিধার্থে দিল্লীর সুলতানশাহী বাংলাকে তিনটি প্রদেশে ভাগ করেছিলো। দক্ষিণ বাংলায় সাতগাঁও, পূর্ব বাংলায় সোনারগাঁও এবং উত্তর বঙ্গে লখনৌতি। শামসুদ্দিন ইলিয়াস শাহ সাতগাঁওয়ের গভর্ণর নিযুক্ত হয়েছিলেন। চতুর্দশ শতকের মধ্যভাগে এই তিন গভর্ণর যার যার মত করে স্বাধীনতা ঘোষনা করে এবং নিজেদের মধ্যে যুদ্ধবিগ্রহে লিপ্ত হয়। ইলিয়াস শাহ অপর দু’জনকে পরাস্ত করে গোটা বাংলার শাসনকর্তা হিসেবে আবির্ভূত হন। দিল্লীর অধীনতা থেকে মুক্ত হতে তিনি সালাতানাতের বিরুদ্ধে যুদ্ধও পরিচালনা করেন। এই বংশ বাংলায় প্রায় দেড় শ’ বছর রাজত্ব করে। শামসুদ্দিন ইলিয়াস শাহ’র আমল থে কেই বাংলা ভাষার উন্নতি ঘটতে থাকে। স্বীয় রাজত্বে বসবাসকারিদের পরিচয় নির্দ্ধারন করেন বাঙালী। মূলত: এখান থেকেই বাঙালী জাতীয়তাবাদের সূচনা। ইতিহাসবিদরা সে জন্য শামসুদ্দিন ইলিয়াস শাহকে বাঙালী ‘জাতির জনক’ হিসেবে অভিহিত করেছেন।

১৫৭২ সাল থেকে বাংলায় মুঘল শাষনের সূত্রপাত। ১৫৭৬ সালে রাজমহলের যুদ্ধে মোঘল বাহিনী চূড়ান্তভাবে সুলতানশাহীকে পরাজিত করার মাধ্যমে এ অঞ্চল নিজেদের করায়ত্ব করে নেয়। বাংলাকে তারা একটি প্রদেশ হিসেবে ঘোষনা করে। কিন্তু শাষক বদল হলেও বাংলায় ইসলাম প্রচারের কাজ থেমে থাকে নি। শাষকরা ইসলাম ধর্মের অনুসারি হওয়ায় দিনে দিনে মুসলিম জনসংখ্যা বেড়ে চলে। এ সময়কালে ইসলাম ধর্মাবলম্বিদের প্রাথমিক পরিচয় ছিল বাঙালী। তখনও হিন্দু মুসলমানের পার্থক্য মূখ্য কোন বিষয় ছিল না। উভয় সম্প্রদায়ের মানুষই যার যার ধর্ম পালন করে একত্রে বসবাস করতো। এ সময়কালে ধর্ম নিয়ে হানাহানির কোন উল্লেখযোগ্য ঘটনা ইতিহাসে পাওয়া যায় না। কারন হতে পারে সনাতন ধর্মাবলম্বি এবং স্থানীয় মুসলমান সম্প্রদায়-উভয়ই ছিল ভিনদেশী ভিনভাষী কর্তৃক শাষিত শোষিত নির্যাতিত এবং নিষ্পেষিত। জুলুম বঞ্চনার মুখে নিজেদের টিকে থাকার প্রয়োজনেই তারা এক থাকতো। (চলবে)

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 686 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়
আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী
বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই
এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়
PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.
PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.
নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে
আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।
❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং
PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই
আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল,এল,এম, করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো বাংলাদেশের স্বাধীনতা দিবসের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

এপ্রিল ২০২৪ ভিসা বুলেটিন

ইউএস স্টেট ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) এপ্রিল ২০২৪'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে এপ্রিল ২০২৪ এর পারিবারিক ভিত্তিতে ফেব্রুয়ারী মাসের ভিসা বুলেটিনের প্রাপ্যতা দেয়া হলো। উল্লেখ্য যে, ফাইনাল অ্যাকশন ডেট বলতে সেই ডেটকে বুঝায় যখন ইউএসসিসআইএস জমা দেয়া আবেদন সম্পর্কে তাদের চূড়ান্ত সিদ্ধান্ত দেবে। প্রায়োরিটি ডেট হবে এই ডেটের পূর্বে। এপ্রিল ২০২৪'র ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনা করে দেখা যায় ফ্যামিলি ভিত্তিক ভিসা বুলেটিনে অগ্রগতি খুব একটা দেখা যায় না।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেস

প্রথম (এফ-১)ঃ আমেরিকান নাগরিকদের অবিবাহিত পুত্র-কন্যাঃ ৮ ফেব্রুয়ারী, ২০১৫।

দ্বিতীয়ঃ পারমানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী, সন্তান এবং অবিবাহিত ছেলে ও মেয়েরাঃ

এ. (এফ২এ)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের ছেলে ও মেয়েরাঃ সেপ্টেম্বর ৮, ২০২০।

বি. (এফ ২বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত ছেলে ও মেয়েরা (২১ বছর বা তদুর্ধবয়সী ছেলে ও মেয়েরাঃ নভেম্বর ২২, ২০১৫।

তৃতীয়ঃ (এফ-৩)ঃ আমেরিকান নাগরিকদের বিবাহিত পুত্র-কন্যাঃ ০১ অক্টোবর ২০০৯।

চতুর্থঃ (এফ-৪) ঃ প্রাপ্তবয়স্ক আমেরিকান নাগরিকদের ভাই-বোনঃ ০৮ জুন, ২০০৭।

এ বিষয়ে এবং চাকরি ভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে চাইলে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েব সাইট ভিজিট করুন।

ইউএসসিআইএস নতুন ফি কর্মসূচি প্রকাশ করেছে যা কার্যকর হবে এপ্রিল ১, ২০২৪ থেকে-

জানুয়ারী ৩১, ২০২৪ এ ইউএসসিআইএস আবেদনকারীদের ফি পরিবর্তন সংক্রান্ত চূড়ান্ত রুল প্রকাশ করেছে। যা ২০২৪ এর ১ এপ্রিল থেকে কার্যকর হবে। নতুন ফি কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানতে ইউএসসিআইএস ওয়েব সাইট ভিজিট করতে হবে। নতুন ফি মানবিক এবং কর্মসংস্থান ভিত্তিক আবেদনকারীদের অনেক পরিবারে পরিবর্তন সাধন করবে। পরিবর্তিত নতুন ফি কার্যক্রম ইমিগ্রেশন আবেদনে অধিকাংশ ক্ষেত্রে ফি বৃদ্ধি পাবে। মানবিক কোন কোন ক্ষেত্রে কমতে পারে।

আপনারা পরিবার ভিত্তিক এবং কর্মসংস্থান ভিত্তিক এ্যাডজাস্টমেন্ট আবেদন এপ্রল ১, ২০২৪ পূর্বে করার চেষ্টা করবেন। কেননা ১ এপ্রিল, ২০২৪ থেকে এ্যাডজাস্টমেন্টের আবেদন করতে পৃথক ফি দিতে হবে ওয়ার্ক পারমিট (আই-৭৬৫) এবং ট্রাভেলের অনুমতি লাভের জন্য (আই -১৩১) এবং ক্ষেত্রে/ বর্তমানে



এ্যাডজাস্টমেন্ট আবেদনকারীদের আই-৭৬৫ ফর্মে এবং আই-১৩১ ফর্মে হয়তো কোন ফি নাও লাগতে পারে।

ফর্ম আই-৪৮৫ (পার্মানেন্ট রেসিডেন্টের রেজিস্টার করতে, স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের আবেদন করতে ১ এপ্রিল ২০২৪ থেকে এসবে ফি একটির জন্য বেশি গুনতে হবে। (১,২২৫ থেকে ১,৪৪০)। যা হোক, এই বৃদ্ধি এখন থেকে স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য অতিরিক্ত ২৬০ এবং ৬৩০ ডলার।

১ এপ্রিল, ২০২৪ এর আগে আবেদন জানালে স্ট্যাটাস এ্যাডস্টামেন্ট ওয়ার্ক পারমিট এবং এ্যাডভান্স পোরোল পেমেন্টের ক্ষেত্রে ১,২২৫ ডলারের পরিবর্তে দিতে ২,৩৩০ ডলার।

ফি মওকুফঃ ফি রুল নতনি ফি মওকুফের সুযোগ করে দেবে। এর মধ্যে নির্দিষ্ট কিছু মানবিক আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য হবে। তরুণদের জন্য উল্লেখযোগ্যভাবে ফি মওকুফ করা হবে। সেই সব মানুষ যারা মানব পাচার থেকে বেঁচে গেছেন তাদের ক্ষেত্রে ফি মওখুফের বিষয়টি সম্প্রসারিত হবে (এসআইজেএস)। মাবপাচারকারিদের হাত থেকে রক্ষা পাওয়অর মুনষ (টি নন ইমিগ্র্যান্ট স্ট্যাটাস) এবং নারীদের বিরুদ্ধে সহিংসতা এ্যাক্ট (ডিওয়াইএ) যারা নিজেরাই আবেদনকারী। আগামী সপ্তাহে আরো বিস্তারিত প্রকাশ করা হবে।

যুক্তরাষ্ট্রে স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য কী কী প্রয়োজন?

যদি কেউ যুক্তরাষ্ট্রে অবস্থান করেন এবং তার পারিবারিক বা চাকরিভিত্তিক আবেদনের অনুমোদন থাকে তবে তিনি স্ট্যাটাস এ্যাডজাস্ট করে গ্রিনকার্ড পেতে পারেন। স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য যা প্রয়োজন-

পরিবার ভিত্তিক কেসঃ

অব্যবহিত আত্মীয়- যুক্তরাষ্ট্রের সিটিজেনদের স্বামী বা স্ত্রী, পিতাতামা, অবিবাহিত সন্তান যাদের বয়স ২১ বছরের নিচে, যুক্তরাষ্ট্রের সিটিজেনদের অব্যবহিত আত্মীয় যারা যুক্তরাষ্ট্রে বৈধভাবে প্রবেশ করেছে তারা স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারেন। সেক্ষেত্রে অনুমোদিত আই-১৩০ পিটিশন অথবা আই-৪৮৫ আবেদনসহ আই-১৩০ পিটিশন ফাইল করতে পারেন।

যুক্তরাষ্ট্রের সিটিজেনদের ২১২ বছর বয়সের উর্ধে অবিবাহিত সন্তানাদি এবং সহোদর ভাইবোনঃ

উপরে উল্লেখিত ব্যক্তিদের পাবিরারিক ভিত্তিতে স্ট্যাডাস এ্যাডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন যদি (১) বৈধ ভিসায় যুক্তরাষ্ট্রে প্রবেশ করে থাকেন, (২) বর্তমানে যদি স্ট্যাটাস বৈধ হয়, (৩) অনুমোদিত আই-১৩০ থাকে এবং (৪) যদি আপনার ক্যাটাগরিতে ভিসা যথেষ্ট থাকে।

গ্রিনকার্ডধারীঃ

একজন গ্রিনকার্ডধারী যে সব আত্মীয়ের জন্য আবেদন করতে পারবেনঃ

(১) স্বামী বা স্ত্রী, (২) অবিবাহিত সন্তান, উভয় ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন যদি তাদের বৈধ প্রবেশ হয়, বর্তমান স্ট্যাটাস বৈধ হয়। উপরন্তু অনুমোদিত আই-১৩০ পিটিশনার অনুমোদিত হয় এবং আবেদকৃত ক্যাটাগরির ভিসা থাকে।

কর্মভিত্তিক কেসঃ

সকল কর্মভিত্তিক ক্যাটাগরিতে ইউএসএতে আপনার স্ট্যাটাস এ্যাডজাস্ট করতে পারবেন, কেবল সেই ক্ষেত্রে যদি আপনার এদেশে প্রবেশ এবং বর্তমান স্ট্যাটাস বৈধ হয়। এছাড়া আপনি স্ট্যাটাস এ্যাডজাস্ট করতে পারবেন যদি আপনার অনুমোদিত লেবার সার্টিফিকেশন এবং অনুমোদিত আই-১৪০ পিটিশন থাকে। এছাড়াও ঐ ক্যাটাগরিতে আপনার ভিসা থাকতে হবে।

রাজনৈতিক আশ্রয় প্রার্থনাঃ

আপনার রাজনৈতিক আশ্রয় প্রার্থনার আবেদন যদি গৃহিত হয় সেক্ষেত্রে ১ বচর পর আপনি যুক্তরাষ্ট্রে থেকেই স্ট্যাডাস এ্যাডজাস্ট করতে পারবেন। আপনার রাজনৈতিক আশ্রয় প্রার্থনার আবেদন অনুমোদিত হলে আপনার ভিসা এন্ট্রি প্রযোজ্য হবে না।

২৪৫-আইঃ

আরেকটি ব্যতিক্রমী ভিসা এন্ট্রি এবং বৈধ স্ট্যাটাস আছে যদি আপনি সেকশন ২৪৫-আই সুবিধাভোগী হয়ে থাকেন। একজন যদি সেকশন ২৪৫-আই'র সুবিধাভোগী হয়ে থাকনে সেক্ষেত্রে আপনার বৈধ ভিসা এন্ট্রি না থাকলেও স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন। সেক্ষেত্রেই বৈধ স্ট্যাটাস ছাড়া যুক্তরাষ্ট্রে বসবাস করলেও স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন।

নিউইয়র্ক থেকে মাহিম খানের প্রশ্নঃ

আমার জানার বিষয় হচ্ছে আমার এক বন্ধুর ইউএস সিটিজেনের সাথে বিয়ে হয়েছে। কিন্তু তাদের বিয়ে অর্থাৎ সম্পর্ক টেকার ব্যাপারে যথেষ্ট সন্দেহ আছে বলে তার জিজ্ঞাসা হচ্ছে। ইউএস সিটিজেনের সাথে বিয়ের মাধ্যমে গ্রিনকার্ড পেলে এবং সেই বিয়ে না টিকলে মানে ডিভোর্স হলে সেই গ্রিনকার্ড অবস্থা কেমন হবে? গ্রিনকার্ড বাতিল হয়ে যায় কিনা? এ ব্যাপারে আমার বন্ধুর জিজ্ঞাসা।

মাহিম খানের প্রশ্নের উত্তরঃ

